# সিলেট ল' কলেজ, সিলেট

স্মারক নং- ১৬(৭৬৯)সি/ল/ক/রেজিঃ/এল.এল.বি.১মপর্ব ভর্তি/২০২৬(৩) তারিখঃ ১৭/০৮/২০২৬

## ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের এল-এল.বি ১মপর্ব ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

**(www.sylhetlawcollege.com/admission)**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে সিলেট ল' কলেজে ২০২৬-২০২৭ইং শিক্ষাবর্ষে এলএল.বি. ১মপর্ব কোর্সের ভর্তি কার্যক্রম আগামী ০৬/০৯/২০২৬ তারিখ পর্যন্ত বর্ধিত করা হয়েছে। উক্ত ভর্তি কার্যক্রমের অনলাইন আবেদন **(www.sylhetlawcollege.com)** ওয়েবসাইটে পাওয়া যাবে। আবেদনকৃত ছাত্রছাত্রী কলেজের ভর্তি কমিটির অনুমতি প্রদান পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

- ভর্তির আবেদনসহ ভর্তির শেষ তারিখঃ ০৬/০৯/২০২৬
- ভর্তি কার্যক্রম সম্পন্ন করার সময় ঃ সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০ টা পর্যন্ত।
- ভর্তি আবেদন ফিস ঃ ১০০০/-
- জুলাই ২০২৬ইং হতে জুন ২০২৭ইং পর্যন্ত বেতন, অন্যান্য ফিস সহ ভর্তি ফিস ঃ ১৮৫০০/-

### ১। প্রার্থীদের অনলাইন আবেদনে করণীয়ঃ-

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় অথবা বাংলাদেশে স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(পাস)/স্নাতক(সম্মান)পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে, তাহারা এলএল.বি. ১ম পর্বে ভর্তি হতে পারবে। জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতীত অন্য কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রীধারী কে ভর্তির সময় মাইগ্রেশন সার্টিফিকেটের মূলকপি ও ফটোকপি দুইসেট জমা দিতে হবে। *মাইগ্রেশনের মূলকপি পরবর্তীতে আর ফেরত দেওয়া হবে না।*

খ) আবেদনের নূন্যতম যোগ্যতা হিসাবে প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক(পাস) অথবা স্নাতক(সম্মান) পরীক্ষায় নূন্যতম ৪০% নম্বর/CGPA ২.০০/পেতে হবে।

গ) মাস্টার্স নিয়মিত/প্রাইভেট অথবা মাস্টার্স(প্রফেশনাল) প্রোগ্রামে যে কোন শিক্ষাবর্ষে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী এলএল.বি. ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তি হতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঘ) আবেদনকারীকে সিলেট ল' কলেজের ভর্তি ওয়েবসাইটে **(www.sylhetlawcollege.com)** আবেদন করতে হবে। অতঃপর আবেদনপত্র প্রিন্ট করে ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লিমিটেড, শাহজালাল উপশহর শাখা, রোজভিউ কমপেক্স(২য় তলায়) আবেদন ফি জমা দিয়ে আবেদনকারীর এস.এস.সি. হতে স্নাতক /স্নাতক(সম্মান) পাশের সনদপত্র ও নম্বরপত্রের ফটোকপি সহ কলেজ অফিসে [সকাল ১০:০০ টা থেকে দুপুর ২:০০টা] জমা দিতে হবে।

ঙ) কলেজ কতৃপক্ষ আবেদনকারীর ভর্তির সকল যোগ্যতা পূরণ হলে, আবেদনকারীকে ভর্তির অনুমোদন প্রদান করিবে। আবেদনকারীকে ভর্তির আবেদন ফরম পূরণের জন্য সিলেট ল' কলেজের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.sylhetlawcollege.com)Applicantlogin অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।

চ) Applicant Log হওয়ার পর প্রার্থী বর্তমানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের অন্য কোন কোর্সে ভর্তি নাই, এই মর্মে একটি অঙ্গিকার নামা অনলাইনে প্রদর্শিত হওয়ার পর তাতে প্রার্থী সম্মত থাকলে **Agree** অপশন সিলেক্ট করতে হবে।

ছ) এ পর্যায়ে প্রার্থী তার স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীট স্ক্যান করে অনলাইনে প্রদর্শিত নির্ধারিত অপশনে আপলোড করতে হবে। সনদ ও মার্কশীট প্রতি স্ক্যান কপির সর্বোচ্চ সাইজ হবে 200kb। **[Image Type:jpg Ges maximum file size:200kb.]**

জ) অতঃপর প্রার্থী তার ভর্তি ফরম, অঙ্গিকারনামা ও ফিস ডিপোজিট স্লিপ ডাউনলোড করে [A4(8.5"✕12") অপসেট সাদা কাগজে] প্রিন্ট নিতে হবে।

ঝ) আবেদনকারী ইউনাইটেড কমার্সিয়াল ব্যাংক লিমিটেড, শাহজালাল উপশহর শাখা, রোজভিউ কমপেক্স(২য় তলায়) ভর্তি ফি জমা দিয়ে ফিস ডিপোজিট স্লিপসহ ভর্তি ফরম, অঙ্গিকারনামা, এবং জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ এর ফটোকপি সংযুক্ত করে [সকাল ১০.০০টা থেকে ২.০০টার মধ্যে ] কলেজ অফিস হতে ক্লাস রোল নম্বর সংগ্রহ করে ভর্তির আবেদনের কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ঞ) আবেদনকারী আবেদনে প্রদানকৃত ফলাফলের তথ্যের সাথে সংযুক্ত সার্টিফিকেটের ফলাফলের কোন প্রকার গরমিল পরিলক্ষিত হলে উক্ত ভর্তি বাতিল করা হবে এবং এই ব্যাপারে কোন প্রকার সুপারিশ গ্রহণযোগ্য হবে না।

ট) আবেদনকৃত ছাত্রছাত্রীদের আবেদন কলেজ পরিচালনা কমিটি যাচাই বাছাই পূর্বক ভর্তির চুড়ান্ত অনুমতি প্রদান স্বাপেক্ষে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। প্রার্থীর আবেদন ফরমে কোন তথ্য/ছবি ভুল বা অসত্য বলে প্রমাণিত হলে, তার ভর্তি বাতিল করার অধিকার কলেজ কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।

**জরুরী প্রয়োজনেঃ +৮৮০১৮৪২৭১৩৭২৫**

সৈয়দ মহসিন আহমদ এড্‌ভোকেট
এল-এল,বি(অনার্স) এল-এল,এম
অধ্যক্ষ
সিলেট ল' কলেজ, সিলেট